



ইরানে ফের হামলা হলে সাবমেরিন ক্যাবল ধ্বংসের হুমকি তেহরানের



ছবি: সংগৃহীত

যুক্তরাষ্ট্র ও ইসরাইল আবারও ইরানে হামলা চালালে পারস্য উপসাগরের তলদেশে থাকা সাবমেরিন ক্যাবলগুলোতে আঘাত হানার হুঁশিয়ারি দিয়েছে তেহরান। এ লক্ষ্যে বিস্তারিত পরিকল্পনা তৈরি করা হচ্ছে বলে বার্তা সংস্থা রয়টার্সকে জানিয়েছেন ইরানের দুই জ্যেষ্ঠ নিরাপত্তা কর্মকর্তা।

নাম প্রকাশ না করার শর্তে ওই কর্মকর্তারা পরিকল্পনার বিস্তারিত কিছু জানাননি। কোথায় বা কীভাবে এ ধরনের হামলা চালানো হতে পারে, সে বিষয়েও স্পষ্ট করে কিছু বলেননি তারা। তবে একজন কর্মকর্তা জানিয়েছেন, ইন্টারনেটসহ যোগাযোগব্যবস্থা ক্ষতিগ্রস্ত করার পাশাপাশি সেগুলো মেরামতের কাজেও বাধা দেওয়ার পরিকল্পনা রয়েছে ইরানের।

ওই কর্মকর্তা বলেন, 'ইরানের ওপর হামলা হলে আর কোনো রেড লাইন থাকবে না। সাবমেরিন ক্যাবল থেকে শুরু করে সামরিক ঘাঁটি, এমনকি গোপন ঘাঁটিও হামলার লক্ষ্যবস্তু হবে।' ওয়াশিংটনকে 'আগুন নিয়ে না খেলতে' সতর্ক করে তিনি দাবি করেন, সাবমেরিন ক্যাবলগুলোর ওপর ইরানের পূর্ণ নিয়ন্ত্রণ রয়েছে এবং চাইলে সহজেই সেগুলো ধ্বংস করা সম্ভব।

এর আগে গত বুধবার (২১ অক্টোবর) ইসলামিক রেভল্যুশনারি গার্ড কোরের (আইআরজিসি) রাজনৈতিক বিষয়ক উপপ্রধান ইয়াদোল্লাহ জাভানি জানিয়েছিলেন, ইরানের অবকাঠামোয় হামলা হলে হরমুজ প্রণালির তলদেশে থাকা সাতটি প্রধান ইন্টারনেট ক্যাবলকে লক্ষ্যবস্তু করতে পারে তেহরান।

জাতিসংঘের সংস্থা ইন্টারন্যাশনাল টেলিকমিউনিকেশন ইউনিয়নের (আইটিইউ) তথ্য অনুযায়ী, বিশ্বের প্রায় ৯৯ শতাংশ ইন্টারনেট ট্রাফিক সাবমেরিন ক্যাবলের মাধ্যমে পরিচালিত হয়। তবে টেলিযোগাযোগ গবেষণা প্রতিষ্ঠান টেলিজিওগ্রাফির গবেষণা পরিচালক অ্যালান মউন্ডিন মনে করেন, ইরান এ ধরনের হামলা চালালেও এর বৈশ্বিক প্রভাব সীমিত থাকতে পারে। কারণ, আন্তর্জাতিক ব্যান্ডউইথের ১ শতাংশেরও কম হরমুজ প্রণালি দিয়ে প্রবাহিত হয়।